

ফাতওয়া নাম্বার: ১০৬

প্রকাশকাল: ২২-০৯-২০২০ ইং

ইসলামিক ফাউন্ডেশনের অধীনে কুরআন শিক্ষা প্রকল্পে চাকরি করার হুকুম কী?

প্রশ্ন:

ইসলামিক ফাউন্ডেশনের অধীনে পরিচালিত সহজ কুরআন শিক্ষা প্রকল্পে
কি চাকরি করা যাবে?

প্রশ্নকারী- মাহি

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

উত্তর:

হাঁ, ইসলামিক ফাউন্ডেশনের অধীনে পরিচালিত সহজ কুরআন শিক্ষা
প্রকল্পে চাকরি করা জায়েয। তবে শর্ত হলো, কোন ধরনের হারাম বা
কুফরি কাজে লিপ্ত হওয়া যাবে না। উদাহরণস্বরূপ, এমন অনুষ্ঠান বা
কর্মশালায় অংশগ্রহণ করা যাবে না, যাতে তাগুত সরকার বা তাদের
আইনের প্রশংসা করা হয়, আইন মানার শপথ করা হয়, তাদেরকে
মাননীয় বা এ জাতীয় কোন সম্মানজনক শব্দে সম্বোধন করা হয় ইত্যাদি।
হযরত বুরাইদা রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
বলেন,

لا تقولوا للمنافق: سيد، فإنه إن يك سيدكم فقد أسخطتم ربكم. رواه أبو داود: (22939) وصححه النووي في الأذكار ص 455 ط. والعراقي في تخریج أحاديث الإحياء: ص 836 ط.

“তোমরা মুনাফিককে ‘সর্দার’ বলো না। কেননা যদি মুনাফিক তোমাদের সর্দার হয়, তাহলে তোমরা তোমাদের প্রভুকে অসম্মত করলো।” -সুন্নে আবু দাউদ: ৪৯৭৭

অবশ্য তাগুত সরকারের অধীনে জায়েয চাকরিও না করা উত্তম। এ বিষয়ে আরও বিস্তারিত জানতে ‘সরকারী বেতন হালাল কি?’ শিরোনামে ১২ নং ফাতওয়াটি [<https://fatwaa.org/2020/04/03/112/>] এবং ‘সরকারি চাকরি করা কি বৈধ?’ শিরোনামের প্রবন্ধটি [<https://fatwaa.org/2020/08/14/969/>] দেখতে পারেন ইনশাআল্লাহ। -সূরা নাহল: ৩৬; সহীহ বুখারী: ২২৭৫; ফাতহুল বারী: ৪/৪৫২; মিস্বাকুত তাওহিদ ওয়াল জিহাদের প্রশ্নোত্তর, প্রশ্ন নং: ৯২; ২১৪ ও ৩৮৮

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০২-০২-১৪৪২ হি.

২০-০৯-২০২০ ঈ

